

এসএসসির ফরম পূরণ শুরু

■ ইত্তেফাক রিপোর্ট

২০২৫ সালের এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নিতে শিক্ষার্থীদের ফরম পূরণ শুরু হয়েছে গতকাল। যা চলবে আগামী ৯ ডিসেম্বর পর্যন্ত। এবার প্রতি বিভাগে পরীক্ষার্থীদের ফি গত বছরের তুলনায় ১০০ টাকা বেড়েছে। বিলম্ব ফি ছাড়া ফরম পূরণ করা যাবে আগামী ৯ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত।

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, ফরম পূরণে শিক্ষার্থীদের তথ্যসংবলিত সম্ভাব্য তালিকা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ১ ডিসেম্বর থেকে ৯ ডিসেম্বর পর্যন্ত বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফরম পূরণ করতে পারবে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীরা। বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেওয়ার সময় ১০ ডিসেম্বর। আর ১০০ টাকা বিলম্ব ফি বা জরিমানা দিয়ে শিক্ষার্থীরা ১১-১৪ ডিসেম্বর পর্যন্ত ফরম পূরণ করতে পারবে।